গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/ ৯৭২/১(৫৬০)    তারিখ: ২৭.০৪.২০২৩ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মধ্যে ডুপ্লিকেট একাউন্টধারী শিক্ষার্থীদের একাউন্টসহ অন্যান্য তথ্য সংশোধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের জানুয়ারি-জুন কিস্তিতে ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি বর্তমানে ২০২৩ সালের ৭ম থেকে ১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত কিছু কিছু শিক্ষার্থীদের ক্ষেত্রে একই একাউন্ট নম্বর একাধিক বার ব্যবহার এবং প্রতারক চক্র কর্তৃক অবৈধভাবে অনাধিকার উপায়ে একাউন্ট নম্বর পরিবর্তন করার কারণে উপবৃত্তির অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি। উক্ত শিক্ষার্থীদের তথ্য বর্তমানে HSP-MIS-এ নিষ্ক্রিয় অবস্থায় আছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক সংযুক্ত Excelsheet এ আগামী ০৭-০৫-২০২৩ তারিখের মধ্যে আবশ্যিক ভাবে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করে শিক্ষার্থীদের একাউন্ট নম্বরসহ তথ্যাদি সংশোধন করে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি প্রেরিত তথ্যাদি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট শিক্ষার্থীদের তথ্য নির্ধারিত সময়ের মধ্যে পাওয়া না গেলে কোনক্রমেই উপবৃত্তি প্রদান করা সম্ভব হবে না।

**ক) শিক্ষার্থীদের ভুল তথ্য সংশোধনের নিয়মাবলী:**

- প্রেরিত শিক্ষার্থীদের ডাটাবেইজ (শিক্ষার্থীর নাম, জন্ম নিবন্ধন নম্বর, শ্রেণি, অভিভাবকের নাম ও NID নম্বর) সঠিক আছে কিনা যাচাই করতে হবে। কেবল মাত্র সঠিক যোগ্য শিক্ষার্থীদের ক্ষেত্রে তথ্যসমূহ Excelsheet এ পূরণ করতে হবে। কোন ক্রমেই শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নয় বা ভুয়া (যদি থাকে) শিক্ষার্থীদের তথ্য পূরণ করা যাবে না।
- সংযুক্ত Excelsheet এর শুধুমাত্র কালারকৃত Blank/খালি (ব্যাংক, শাখা, একাউন্ট নম্বর, হিসাবধারীর নাম ও রাউটিং নম্বর) ঘর গুলো সঠিক তথ্যাদি দ্বারা পূরণ করতে হবে। অন্যান্য কলাম/ঘর-এ কোন রকম তথ্য সংশোধন/পরিবর্তন করা যাবে না।
- একই একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীদের (ভিন্ন ভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত হলেও) ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- তথ্য এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী) অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাদের নাম এন্ট্রি করতে হবে।
- স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম এন্ট্রি করতে হবে।

- ব্যাংক/এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে Branch এর ঘরে সংশ্লিষ্ট ব্যাংকের শাখা/এজেন্ট ব্যাংকিং শাখা ও Routing Number এর ঘরে ব্যাংক/এজেন্ট ব্যাংকিং এর রাউটিং নম্বর প্রদান করতে হবে।
- মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস লিমিটেড (বিকাশ/নগদ/রকেট/উপায়/শিওরক্যাশ/এম ক্যাশ) ব্যবহার করার ক্ষেত্রে Bank এর ঘরে সংশ্লিষ্ট সার্ভিস লিমিটেড এর নাম লিখতে হবে এবং Branch এর ঘরে কিছু লিখার প্রয়োজন নেই। এক্ষেত্রে বিকাশ, নগদ, রকেট, উপায়, শিওরক্যাশ ও এম ক্যাশ এর Routing Number এর ঘরে যথাক্রমে 060275554, 200275556, 090275553, 245275553, 185275550 ও 125275552 ব্যবহার করতে হবে।
- প্রেরিত শিক্ষার্থীদের Excelsheet এর কোন কলাম/ঘর পরিবর্তন করা যাবে না। Hard Copy গ্রহণযোগ্য হবে না। অবশ্যই USEO/TSEO এর মাধ্যমে Excel Format এ তথ্য mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে।

৪। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক Excel Format এ উল্লিখিত শিক্ষার্থীদের তথ্যাদি এন্ট্রি/হালনাগাদকরণের বিষয়টি নিশ্চিতকরণসহ মনিটরিং করবেন এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পুরণকৃত তথ্যাদি সংগ্রহপূর্বক বর্ণিত ই-মেইলে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে তথ্যাদি পাওয়া না গেলে অথবা কোন অযোগ্য শিক্ষার্থী উপবৃত্তি পেলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

**সংযুক্তি: বর্ণনা মোতাবেক।**

১৭/০৮/২৬

**(মোহাম্মদ আসাদুল হক)**
স্কিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৫। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS & iBASS++ স্কিম, অর্থ বিভাগ।
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। সকল কর্মকর্তা/কর্মচারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৮। সকল কর্মকর্তা/কর্মচারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা। (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক অবহিতকরণের অনুরোধসহ)
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
১০। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১২। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।